



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইনস্ট্রাক্টর এর কার্যালয়  
উপজেলা রিসোর্স সেন্টার  
ফুলগাজী, ফেনী  
www.urc.fulgazi.feni.gov.bd



স্মারক নং- ইউআরসি/ফুলগাজী/ফেনী/২০২০/৮১

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ  
২১ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জন বর্তমান সরকারের অন্যতম অঙ্গীকার। এ লক্ষ্য অর্জনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নেতৃত্বে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর SDG -এর ৪ ও ৫ নং লক্ষ্যমাত্রাসহ সংশ্লিষ্ট সকল সূচক যথাযথভাবে অর্জনের নিমিত্ত বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। এ কার্যক্রমের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সকল বিভাগসহ মাঠপর্যায়ের সকল স্তরে জেডার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে অধিক গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা রিসোর্স সেন্টার, ফুলগাজী, ফেনী এর নিম্নবর্ণিত কর্মকর্তা ও শিক্ষকের সমন্বয়ে ০৩ সদস্য বিশিষ্ট জেডার বিষয়ক কমিটি গঠন করা হলো।

- |  |            |
|--|------------|
| ১। জনাব মো. আতিকুর রহমান, ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ফুলগাজী, ফেনী  | সভাপতি     |
| ২। জনাব ফেরদৌস আরা, সহকারী শিক্ষক, ফুলগাজী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়      | সদস্য      |
| ৩। জনাব সুনীতা রানী পাল, সহকারী শিক্ষক, ফুলগাজী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় | সদস্য সচিব |

#### কমিটির কার্যপরিধিঃ

- ক) কর্মক্ষেত্রে নারীদের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি এবং বজায় রাখতে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।
- খ) প্রতি দুই মাস পরপর কমিটি একটি সভা করবেন। সভায় গৃহীত আলোচ্য বিষয়/ সুপারিশ প্রতিবেদনে উল্লেখপূর্বক যথাযথ মাধ্যমে প্রেরণ করে সংশ্লিষ্ট কেন্দ্রীয় কমিটিকে পরামর্শ ও সহায়তা প্রদান করবেন।
- গ) কর্মক্ষেত্রে সকল স্তরে নারীর সাম্য এবং সমতা রক্ষায় কর্তৃপক্ষসহ এ সংক্রান্ত কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- ঘ) নারীর ক্ষমতায়নে বিভিন্ন কার্যক্রমে সমতা এবং ন্যায্যতার ভিত্তিতে নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- ঙ) কমিটি প্রতি দুই মাস অন্তর একটি প্রতিবেদন প্রণয়নপূর্বক পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬ এর নিকট দাখিল করবেন এবং জেডার ফোকাল পার্সন নির্দেশনা মোতাবেক অন্যান্য কার্যক্রম গ্রহণ ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করবেন।

২১.০৯.২০২০  
(মো. আতিকুর রহমান)  
ইনস্ট্রাক্টর  
উপজেলা রিসোর্স সেন্টার  
ফুলগাজী, ফেনী  
e-mail: urcfulgazi@gmail.com

স্মারক নং- ইউআরসি/ফুলগাজী/ফেনী/২০২০/৮১ (৬)

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ  
২১ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
- ২। সুপারিনটেন্ডেন্ট, প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই), ফেনী
- ৩। প্রধান শিক্ষক, ফুলগাজী মডেল সপ্রাধি, ফুলগাজী, ফেনী
- ৪। জনাব .....

✓ অফিস কপি/মোড়ান মোর্ড

২১.০৯.২০২০  
ইনস্ট্রাক্টর  
উপজেলা রিসোর্স সেন্টার  
ফুলগাজী, ফেনী